দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN 2 2 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

5

# বগুড়া বঙ্গবন্ধু কৃষি কলেজের শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে শিক্ষার্থীদের মিছিল

**স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস ॥** বগুড়া বঙ্গবন্ধু কৃষি কলেজের শিক্ষার্থীরা কলেজের শৃঙ্খলা ও শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে মাঠে নেমেছে। বৃহস্পতিবার সন্ধ্যায় শিক্ষার্থীদের একটি মিছিল শহর প্রদক্ষিণ শেষে কেন্দ্রস্থল সাতমাথা অবরোধ করে। শিক্ষার্থীরা কলেজের বরখাস্তকৃত দুর্নীতিবাজ সেক্রেটারি খাদেমুল ইসলাম বকুলকে অবিলম্বে গ্রেফতারের দাবি জানিয়েছে। এর আগে এক সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা জানায়, সেক্রেটারি (বরখাস্তকৃত) খাদেমুল ইসলামের দুর্নীতি প্রকাশ হওয়ার পরও ওই ব্যক্তি কূটচালে কলেজের শিক্ষার পরিবেশ বিনষ্ট করছে। অন্যদিকে জোবায়েদ আলী নামের যে ব্যক্তি অধ্যক্ষ হিসাবে আছেন তিনিও দায়িত্ব ঠিকমতো পালন করছেন না আর তাঁর নিয়োগও কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত হয়নি। শিক্ষার্থীরা কলেজে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টির দাবি জানিয়েছে।



বগুড়া ঃ বঙ্গবন্ধু কৃষি কলেজে অনিয়মের বিরুদ্ধে ছাত্রছাত্রীদের বিক্ষোভ —জনকণ্ঠ